রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, ফেব্রুয়ারি ১৮, ২০১৯

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ০৬ ফাল্গুন, ১৪২৫ মোতাবেক ১৮ ফেব্রুয়ারি, ২০১৯

নিম্নলিখিত বিলটি ০৬ ফাল্গুন, ১৪২৫ মোতাবেক ১৮ ফেব্রুয়ারি, ২০১৯ তারিখে জাতীয় সংসদে উত্থাপিত হইয়াছে :—

## বা. জা. স. বিল নং ০৩/২০১৯

### Chittagong Hill Tracts (Land Acquisition) Regulation, 1958-এর অধিকতর সংশোধনকল্পে আনীত বিল

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে Chittagong Hill Tracts (Land Acquisition) Regulation, 1958 (Regulation No. 1 of 1958)-এর অধিকতর সংশোধন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল:—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**।—(১) এই আইন Chittagong Hill Tracts (Land Acquisition) Regulation (Amendment) Act, 2019 নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **Regulation No. 1 of 1958-এর Section 4-এর সংশোধন**।—Chittagong Hill Tracts (Land Acquisition) Regulation, 1958 (Regulation No. 1 of 1958)-এর section 4-এর sub-section (2)-এর পরিবর্তে নিম্নরূপ sub-section (2) প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(2) In addition to the market value of the land, as provided above, the Deputy Commissioner shall, in every case, award a sum of 200 (two hundred)

per centum for public purpose and 300 (three hundred) per centum for private purpose on such market value, in consideration of the compulsory nature of the acquisition." ।

৩। **রহিতকরণ ও হেফাজত।**—(১) Chittagong Hill Tracts (Land Acquisition) Regulation (Amendment) Ordinance, 2018 (২০১৮ সনের ৩নং অধ্যাদেশ) এতদ্বারা রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও উক্ত Ordinance-এর অধীন কৃত কোনো কাজ বা গৃহীত কোনো ব্যবস্থা এই আইনের অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

## উদ্দেশ্য ও কারণ সম্বলিত বিবৃতি

সরকার স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ (২০১৭ সনের ২১ নম্বর আইন) প্রণয়ন করেছেন। এই আইনে অধিগ্রহণকৃত ভূমির ক্ষতিপূরণের হার সরকারি সংস্থা/দপ্তরের ক্ষেত্রে ভূমির মূল্যের অতিরিক্ত ২০০% এবং বেসরকারি সংস্থা/ব্যক্তির ক্ষেত্রে ভূমির মূল্যের অতিরিক্ত ৩০০% ধার্য রয়েছে। কিন্তু Chittagong Hill Tracts (Land Acquisition) Regulation, 1958 (Regulation No. 1 of 1958) অনুযায়ী তিন পার্বত্য জেলার অধিগ্রহণকৃত ভূমির ক্ষতিপূরণের হার ছিল ১০০ টাকায় ১১৫ টাকা। দেশের অন্যান্য অঞ্চলের সাথে পার্বত্য জেলাসমূহের অধিগ্রহণকৃত ভূমির ক্ষতিপূরণের ক্ষেত্রে মূল্য হারের সমতা আনয়নের জন্য Chittagong Hill Tracts (Land Acquisition) Regulation, 1958 (Regulation No. 1 of 1958)-এর section 4-এর sub-section (2) সংশোধন করে সরকারি সংস্থা/দপ্তরের ভূমির মূল্যের ক্ষেত্রে অতিরিক্ত ২০০% এবং বেসরকারি সংস্থা/ব্যক্তির ক্ষেত্রে অতিরিক্ত ৩০০% নির্ধারণপূর্বক ২০ ডিসেম্বর, ২০১৮ তারিখে অধ্যাদেশ (অধ্যাদেশ নম্বর-০৩, ২০১৮) জারি করা হয়েছে। উক্ত অধ্যাদেশটি আইনে পরিণত করা অপরিহার্য। এ লক্ষ্যে খসড়া বিল প্রস্তুত করা হয়েছে। উল্লেখ্য, গত ২১-০১-২০১৯ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা বৈঠকে "Chittagong Hill Tracts (Land Acquisition) Regulation (Amendment) Act, 2019"-এর খসড়া নীতিগত এবং চূড়ান্তভাবে অনুমোদন দেয়া হয়েছে। অধিকন্তু লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ কর্তৃক খসড়া বিলটি যথারীতি ভেটিং করা হয়েছে।

**সাইফুজ্জামান চৌধুরী**
ভারপ্রাপ্ত মন্ত্রী।

---

**ড. জাফর আহমেদ খান**
সিনিয়র সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd